

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০২৪

পর্ব-৭: সওম (রোযা) (১যা় ১

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - মুসাফিরের সওম

بَابُ صنوهم الْمُسَافِرِ

আরবী

وَفِي رِوَايَة لمُسلم عَن جَابِر رَضِي الله عَنهُ أَنه شرب بعد الْعَصرْر

বাংলা

২০২৪-[৬] সহীহ মুসলিমের অন্য রিওয়ায়াতে জাবির (রাঃ) হতে বর্ণিত হয়েছে যে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) 'আসরের পর পানি পান করেছেন।[1]

ফটনোট

[1] সহীহ: মুসলিম ১১১৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (شَرَبَ بَعْدَ الْعَصْنِ) অর্থাৎ- নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেদিন 'আসর পর্যন্ত সিয়াম অবস্থায় ছিলেন, অতঃপর মানুষদেরকে এ কথা জানানোর জন্য সিয়াম ভঙ্গ করছেন যে, সফরে সিয়াম ভঙ্গ করা বৈধ। এমনকি সিয়াম পালন কঠিন হলে তা ভঙ্গ করাই উত্তম।

জাবির (রাঃ) এর বর্ণনায় অপর শব্দে রয়েছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলা হলো, নিশ্চয়ই মানুষদের ওপর সিয়াম পালন করা অত্যন্ত কষ্টকর হচ্ছে, আর সিয়াম পালনের ক্ষেত্রে আপনি কি সিদ্ধান্ত নেন, তাই তারা লক্ষ্য করছে। অতঃপর 'আসর সালাতের পর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পানির পাত্র চাইলেন এবং তা পান করে সিয়াম ভঙ্গ করলেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=56584}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন